

ইউল্যাবের মিডিয়া স্টাডিজ অ্যান্ড জার্নালিজম (এমএসজে) বিভাগে নবীন শিক্ষার্থীদের স্বাগত জানাতে ফল-২২ সেমিস্টার এর বিভাগীয় নবীনবরণ অনুষ্ঠান করে। গত শনিবার ইউল্যাবের রিসার্চ বিল্ডিং-এ অনুষ্ঠিত এ আয়োজনের মূল উদ্দেশ্য ছিল শিক্ষার্থীদেরকে স্বাগত জানানো এবং তাদের আগামী চার বছরের যাত্রার একটি ঝলক তুলে ধরা।

এমএসজে বিভাগের প্রধান ড. জুড উইলিয়াম হেনিলো নতুন শিক্ষার্থীদের অভ্যর্থনা জানানোর মাধ্যমে নবীনবরণের আনুষ্ঠানিকতা শুরু করেন। স্বাগত বক্তব্যে তিনি শিক্ষার্থীদের, ভবিষ্যৎ সমাজে এবং মিডিয়া ইন্ডাস্ট্রিতে তারা কতটা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে ব্যাখ্যা করে অনুপ্রেরণা দেন।

advertisement 3

তিনি নবীনদের উদ্যেশে বলেন, ‘মানুষ যত তোমার উপর ভরসা করবে, তোমার পেছনে সময় দেবে, তুমি তত বেশি সফল হবে। এ জন্য সাফল্য-চক্রের গুরুত্ব এত বেশি। যে তোমার সাফল্য-চক্রে নেই, তার ব্যাপারে চিন্তা করো না। নিন্দুকের কথায় কান দিও না।’